গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস
সিলেট।
www.info.sylhet.gov.bd

নং-১৫.৫৬.৯১০০.০০১.১৬.০০৫.২২- ৩২৯ তারিখ :-২৭/০৮/২০২৫খ্রি.

## পাক্ষিক জনমত ও প্রতিক্রিয়া প্রতিবেদন আগস্ট'২০২৫ (২য় পক্ষ)

১. **বিদ্যুৎ পরিস্থিতি** : কিছুদিন যাবৎ বৃদ্ধি পাচ্ছে সিলেট জেলার তাপমাত্রা। ফলে গরমে অতীষ্ঠ জনজীবন। তীব্র এই গরমের মধ্যেও চলছে ঘন ঘন লোডশেডিং। উপজেলার চিত্র আরও করুন বলে জানা যায়। সেখানে ঘন ঘন লোডশেডিং চলছে অব্যাহতভাবে। জেলা সদরসহ উপজেলা সমূহের বিদ্যুৎ ব্যবস্থার উন্নতিকল্পে উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করে আসছেন সিলেট জেলার সচেতন নাগরিকবৃন্দ কিন্তু তাদের প্রত্যাশার কোন প্রাপ্তি মিলছেনা বলে জানান সাধারণ জনতা।

২. **দ্রব্যমূল্য পরিস্থিতি** : কাঁচামরিচের মূল্য অসহনীয় পর্যায়ে বেড়েছে বলে জানা যায় সিলেট জেলার বাজার মনিটরিংকালে। বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য প্রকারভেদে বৃদ্ধি পেয়েছে কিছুটা। ভোজ্যতেল ও পেঁয়াজের মূল্য পূর্বের তুলনায় অনেকটা বেড়েছে। চালের দাম ক্রেতা সাধারণের ক্রয় ক্ষমতার বাহিরে চলে যাচ্ছে বলে প্রতীয়মান হয়। মাছ, মাংস ও ডিমের দাম আগের চেয়েছে অনেকটা বেড়েছে। স্থিতিশীল রয়েছে অন্যসকল নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য। সকল প্রকার নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে নিয়ে আসতে জেলা প্রশাসনের পক্ষ থেকে মোবাইল কোর্ট পরিচালিত হলেও কোন সুফল আসছেনা বলে জনমতে প্রকাশ।

৩. **আইনশৃঙ্খলা পরিস্থিতি** : জেলা তথ্য অফিস, সিলেট আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান, স্থানীয় পত্রিকা ও আইনশৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী থেকে প্রাপ্ত তথ্য মোতাবেক সিলেট জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিম্নরূপ : চলতি মাসে ডাকাতির মামলা দায়ের হয়েছে-০, দস্যুতা মামলা-৩টি, খুন-০২টি, দ্রুত বিচার আইন/২০০২ সংক্রান্ত মামলা-০১টি, ধর্ষণ মামলা-০৩টি, শিশু ধর্ষণ-০৩টি, পুলিশ সংক্রান্ত মামলা-০, সিঁধেল চুরি-০৪টি এবং অন্যান্য মামলা-০৫টি। সিলেট জেলার সীমান্ত এলাকায় চোরাচালান পূর্বের চেয়ে অনেক কমে এসেছে। এক্ষেত্রে তথ্য অফিস কর্তৃক সচেতনতামূলক বিভিন্ন প্রচার অব্যাহত রয়েছে। আইনশৃঙ্খলা কমিটির সভায় জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন ও জনপ্রতিনিধিদের মতামত অনুসারে সিলেট জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

৪. **প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা:** মাধ্যমিক বিদ্যালয় সমূহে পাঠদান চলছে যথারীতি। প্রাথমিক বিদ্যালয় সমূহে দ্বিতীয় সাময়িক পরীক্ষা চলমান রয়েছে বলে জানায় প্রাথমিক ও জেলা শিক্ষা অফিস।

৫. **অন্যান্য** : তাপমাত্রা বৃদ্ধির কারণে অতিষ্ঠ সিলেটবাসী। তীব্র গরমের কারণে জনসাধারণ ভুগছেন জ্বর, কাশিসহ নানাবিধ রোগে। এছাড়া করোনা ভাইরাস আতংকেও রয়েছেন সিলেটবাসী। স্বাস্থ্য বিভাগ সূত্রে জানা যায় তীব্র গরমের কারণে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এই অবস্থায় সকলকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন সিলেট স্বাস্থ্য বিভাগ।

27-08-2025

মীর মোহাম্মদ আসলাম উদ্দিন
পরিচালক
জেলা তথ্য অফিস, সিলেট।
ফোন : 0241100092
ই-মেইল : diosyloffice@yahoo.com

প্রাপক :
মহাপরিচালক
গণযোগাযোগ অধিদপ্তর
ঢাকা।